

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৫৭. কোন পুরুষের স্বর্ণ বা সিল্কের কাপড় পরিধান করা

কোন পুরুষের জন্য স্বর্ণ বা সিল্কের কাপড় পরিধান করা হারাম ও কবীরা গুনাহ।

আবূ মূসা আশ্'আরী, 'আলী ও আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

حُرِّمَ لِبَاسُ الْحَرِيْرِ وَالذَّهَبِ عَلَى ذُكُوْرِ أُمَّتِيْ، وَأُحِلَّ لِإِنَاتِهِمْ.

"সিল্ক ও স্বর্ণ আমার পুরুষ উম্মতের উপর হারাম করে দেয়া হয়েছে এবং তা হালাল করা হয়েছে মহিলাদের জন্য"। (তিরমিয়ী ১৭২০ ইন্দু মাজাহ্, ৩৬৬২, ৩৬৬৪)

আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

رَأَى رَسُوْلُ اللهِ خَاتَمًا مِنْ ذَهَبِ فِيْ يَدِ رَجُل، فَنَزَعَهُ فَطَرَحَهُ وَقَالَ: يَعْمِدُ أَحَدُكُمْ إِلَى جَمْرَةٍ مِنْ نَارٍ فَيَجْعَلُهَا فِيْ يَدِهِ، فَقِيْلَ لِلرَّجُلِ بَعْدَمَا ذَهَبَ رَسُوْلُ اللهِ : خُذْ خَاتِمَكَ انْتَفِعْ بِهِ، قَالَ: لَا وَالله! لَا آخُذُهُ أَبَدًا، وَقَدْ طَرَحَهُ رَسُوْلُ الله . الله .

"একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈক ব্যক্তির হাতে একটি সোনার আংটি দেখতে পেলেন। তখন তিনি সোনার আংটিটি তার হাত থেকে খুলে ফেলে দিলেন এবং বললেন: তোমাদের কেউ ইচ্ছে করে আগুনের জ্বলন্ত কয়লা হাতে নিতে চায়? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চলে গোলে লোকটিকে বলা হলো: আংটিটা নিয়ে নাও। অন্য কোন কাজে লাগাতে পারবে। লোকটি বললো: আল্লাহ্ তা'আলার কসম! আমি তা কখনোই কুড়িয়ে নিতে পারবো না যা একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুলে ফেলে দিলেন"। (মুসলিম ২০৯০) সোনা, রুপার প্লেট-বাটি এবং হাল্কা বা ঘন সিল্ক দুনিয়াতে কাফির পুরুষরাই ব্যবহার করবে। মুসলিমরা নয়। কারণ, তাদের জন্য তা প্রস্তুত রয়েছে আখিরাতে।

'হুযাইফাহ্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

لَا تَلْبَسُوْا الْحَرِيْرَ وَلَا الدِّيْبَاجَ، وَلَا تَشْرَبُوْا فِيْ آنِيَةِ الذَّهَبِ وَالْفِضَّةِ، وَلَا تَأْكُلُوْا فِيْ صِحَافِهَا فَإِنَّهَا لَهُمْ فِيْ الدُّنْيَا، وَلَنَا فِيْ الْآخِرَةِ.

"তোমরা হাল্কা বা ঘন সিল্ক পরিধান করো না। তেমনিভাবে সোনা রুপার পেয়ালায় পান করো না এবং এ গুলোর প্লেটে খেও না। কারণ, সেগুলো দুনিয়াতে কাফিরদের জন্য এবং আখিরাতে আমাদের জন্য"। (বুখারী ৫৪২৬, ৫৬৩২, ৫৮৩১; মুসলিম ২০৬৭)

'উমর ও আব্দুল্লাহ্ বিন্ যুবাইর (রা.) থেকে বর্ণিত তাঁরা বলেন: রাসূল সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:



مَنْ لَبِسَ الْحَرِيْرَ فِيْ الدُّنْيَا لَمْ يَلْبَسْهُ فِيْ الْآخِرَةِ.

"যে ব্যক্তি দুনিয়াতে সিক্ক পরিধান করবে সে আর আখিরাতে তা পরিধান করবে না"। (বুখারী ৫৮৩৩, ৫৮৩৪) 'আয়িশা (রাযিয়াল্লাহু আনহা) থেকেও বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন: إِنَّمَا يَلْبَسُ الْحَرِيْرَ فِيْ الدُّنْيَا مَنْ لَا خَلَقَ لَهُ فِيْ الْآخِرَةِ.

"দুনিয়াতে সিল্কের কাপড় সেই পরিধান করবে যার জন্য আখিরাতে এ জাতীয় কিছুই থাকবে না"। (বুখারী ৫৮৩৫)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6731

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন